

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি মেডিকেল কলেজ, রাঙ্গামাটি।

**“বিজ্ঞপ্তি”**

২০২২-২০২৩ইং শিক্ষাবর্ষে রাঙ্গামাটি মেডিকেল কলেজে ১ম বর্ষ এমবিবিএস কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষা ও মূল কাগজ পত্রাদি যাচাইয়ের জন্য নিম্ন বর্ণিত তারিখ অনুযায়ী প্রার্থীকে স্বয়ং উপস্থিত হতে হবে এবং যাবতীয় কাগজপত্রাদির মূল কপি গঠনকৃত বোর্ডের নিকট পেশ করতে হবে। মূল কাগজপত্রাদি অত্রফিসে সংরক্ষিত থাকবে, অন্যথায় তাদের ভর্তি আবেদন বিবেচ্য হবেনা। প্রার্থীদের অবশ্যই ভর্তির জন্য টাকা প্রদানের পূর্বে নিয়ম অনুযায়ী, অর্থাৎ সার্টিফিকেট যাচাই ও স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। প্রার্থীর সাথে একজনের অধিক অভিভাবকের আগমন নিরুৎসাহিত করা হচ্ছে। প্রার্থী ও অভিভাবকগণ কে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে মাস্ক পরিধান করতে হবে।

প্রার্থীদের মূল কাগজপত্রাদি যাচাই এবং স্বাস্থ্য পরীক্ষা রাঙ্গামাটি মেডিকেল কলেজের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। নিম্নবর্ণিত তারিখ সমূহে সকাল ০৯.০০ ঘটিকা হইতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম চলমান থাকবে।

**ভর্তি কার্যক্রম ২৭/০৩/২০২৩ খ্রি: হতে ০১/০৪/২০২৩ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করা হবে(সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)।**

**যাচাই বোর্ডে যে সমস্ত মূল কাগজপত্রাদি উপস্থাপন করতে হবে:-**

১. On line Download কৃত ২০২২-২৩ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
২. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট এর মূল কপি।
৩. এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র/প্রশংসা পত্র
৪. ০৫ (পাঁচ) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
৫. স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ডকমিশনার প্রদত্ত নাগরিকের মূল সনদপত্র (জেলা কোটা দাবীর ক্ষেত্রে)।
৬. পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদপত্র ও অ- উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ বা জেলা প্রশাসকের সনদপত্র এবং অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র।
৭. মহান মুক্তিযুদ্ধে অংশগ্রহণের স্বপক্ষে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখঃ ১৮/১০/২০২০ খ্রিষ্টাব্দ মূলে প্রকাশিত পরিপত্র এবং সরকার কর্তৃক জারিকৃত বিধি বিধান অনুযায়ী সকল প্রমানক।
৮. “ও” লেভেল এবং “এ” লেভেল এ পাসকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল মার্কসীট ও সনদপত্র/প্রশংসা পত্র।
৯. প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত অঙ্গীকারনামা ফরম পূরণ ও স্বাক্ষর সহ দাখিল করতে হবে (যা কলেজ থেকে সরবরাহ করা হবে)।

**ভর্তি সংক্রান্ত যে কোন তথ্যে জানতে নিম্নোক্ত নাম্বারে কল করুনঃ**

**০৩৫১-৬৩৮২১(অফিস) (সকাল ৯:০০ - ২:০০ টা পর্যন্ত)**

**অথবা**

**০১৭৫-৬৯৪৭১৪, ০১৫৫৬-৫২৪৩৯১(মোঃ মশিউর রহমান, একাডেমিক ইনচার্জ, রাঙ্গামেক)**

স্বাঃ-

( অধ্যাপক ডাঃ প্রীতি প্রসূন বড়ুয়া )

অধ্যক্ষ


রাঙ্গামাটি মেডিকেল কলেজ।

তারিখঃ ১৫/০৩/২০২৩ইং

স্মারক নং- ৫৯.০০.০০০০.০৩৪.১১.০০১.২৩- ১৬০

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

- ১। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ২। সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৩। পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
- ৪। সভাপতি, ভর্তি কমিটি/ মূল সার্টিফিকেট যাচাই কমিটি/স্বাস্থ্য পরীক্ষা বোর্ড/বিশেষ মেডিকেল বোর্ড, রাঙ্গামাটি মেডিকেল কলেজ।
- ৫। ডাঃ.....বিভাগ, রাঙ্গামেক।
- ৬। বার্তা সম্পাদক/সভাপতি/জেলা প্রতিনিধিঃ.....
- ৭। জনাব/জনাবা..... রাঙ্গামাটি মেডিকেল কলেজ।

  
অধ্যক্ষ

রাঙ্গামাটি মেডিকেল কলেজ।